

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)  
সিপিটিইউ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা।  
[www.cptu.gov.bd](http://www.cptu.gov.bd)



“শেখ হাসিনার উপহার  
ইলেকট্রনিক টেন্ডার”

নং-২১.০০.০০০০.৩৬৩.২৭.১১৪(২).১৯-০০৩

তারিখঃ ১২/০১/২০২৩ খ্রিঃ

## পরিপত্র

বিষয়ঃ নির্ধারিত সময় ও মান নিশ্চিত করে চুক্তি বাস্তবায়নে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঠিকাদার/সরবরাহকারীর বিরুদ্ধে পিপিআর ২০০৮ এর বিধি ১২৭ অনুযায়ী ক্রয়কারী কর্তৃক বারিতকরণসহ চুক্তির আওতায় অন্যান্য ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি তহবিলের আওতায় সম্পাদিত ক্রয় চুক্তিতে নির্ধারিত সময়, মান, ব্যয় ও চুক্তিতে অন্তর্ভুক্ত অন্যান্য শর্তাদির যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকল্পে সরকার কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

“নির্ধারিত সময় ও মান নিশ্চিত করে চুক্তি বাস্তবায়নে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঠিকাদার/সরবরাহকারীর বিরুদ্ধে পিপিআর ২০০৮ এর বিধি ১২৭ অনুযায়ী ক্রয়কারী কর্তৃক বারিতকরণসহ চুক্তির আওতায় অন্যান্য ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে।”

০২। উল্লেখ্য, কোনরূপ যৌক্তিক কারণ ছাড়া কোন কোন সরবরাহকারী বা ঠিকাদার চুক্তির শর্তানুযায়ী যাবতীয় কাজ বাস্তবায়নে ব্যর্থ হচ্ছে বা বিলম্ব করছে মর্মে পরিলক্ষিত হচ্ছে। চুক্তির মৌলিক শর্ত, যথাঃ-সময়, মূল্য, গুণগত মান ও অন্যান্য প্রধান শর্ত অনুসরণপূর্বক কাজ বাস্তবায়নের বিষয়ে পণ্য, কার্য বা সেবা ক্রয়ের জন্য সম্পাদিত ক্রয় চুক্তিতে সংশ্লিষ্ট সরবরাহকারী/ঠিকাদার/পরামর্শকের বাধ্যবাধকতা থাকে। পরবর্তীতে চুক্তিতে উল্লিখিত শর্তাবলির ব্যত্যয় সংঘটিত হলে সরকারি তহবিলের আওতায় ক্রয় পণ্য, কার্য বা সেবা যথাসময়ে সঠিক মূল্য এবং মান অনুযায়ী প্রাপ্তির ক্ষেত্রে বিঘ্ন সৃষ্টি হয়, ফলশ্রুতিতে নাগরিক সেবা এবং দেশের উন্নয়ন ব্যাহত হয়।

০৩। আরো উল্লেখ্য, চুক্তির শর্তানুযায়ী কাজ বাস্তবায়নে ব্যর্থতার বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ ২০০৬) এর ধারা ৬৪, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর ২০০৮) এর বিধি ১২৭ এবং আদর্শ দরপত্র দলিলের General Conditions of Contract (GCC) অংশে বিশদ উল্লেখ রয়েছে। তন্মধ্যে উল্লেখযোগ্য হলোঃ সংশ্লিষ্ট সরবরাহকারী/ঠিকাদারের কার্য-সম্পাদন জামানত (Performance Security) তলব এবং উক্ত সরবরাহকারী/ঠিকাদারকে সরকারি ক্রয় কাজে অযোগ্য/বারিত ঘোষণা।

০৪। উপর্যুক্ত প্রেক্ষাপটে, সরকারি ক্রয় আইন ও বিধি (পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮) এবং চুক্তির GCC অংশে বর্ণিত নির্দেশনার আলোকে স্বাক্ষরিত চুক্তির শর্তানুযায়ী কাজ বাস্তবায়নে ব্যর্থ সরবরাহকারী/ঠিকাদারের বিষয়ে অনুচ্ছেদ-০৩ এ উল্লিখিত বিধান অনুযায়ী আবশ্যিকভাবে ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার জন্য সকল ক্রয়কারীকে অনুরোধ করা হলো। উল্লিখিত বিধানসমূহ অনুসরণ ক্ষেত্রে পরামর্শকের বিষয়েও প্রযোজ্য হবে। উক্ত প্রক্রিয়ায় অযোগ্য/বারিত ব্যক্তি/প্রতিষ্ঠানের বিবরণ পিপিআর ২০০৮ এর বিধি ১২৭(৬) অনুযায়ী সিপিটিইউতে প্রেরণ নিশ্চিত করার জন্যও ক্রয়কারীগণের দৃষ্টি আকর্ষণ করা হলো।

  
১২.১.২০২৩

(মোঃ শোহেলের রহমান চৌধুরী)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোনঃ ৪৮১১৯৪০০-০১

### বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব (তৌর মন্ত্রণালয়/বিভাগের আওতাভুক্ত সকল ক্রয়কারী সংস্থাকে অবহিতকরণের বিনীত অনুরোধসহ)।  
..... মন্ত্রণালয়/বিভাগ।
৩. সদস্য, পরিকল্পনা কমিশন, ..... শের-ই-বাংলা নগর, ঢাকা।

৪. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান (সকল টার্গেট এজেন্সি)

.....

**অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে) জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়ঃ**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৫. অফিস কপি।